

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪২০৫

পর্ব ২১: খাদ্য (كتاب الأطعمة)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

الْفَصْلُ الثَّانِي

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «الطَّاعِمُ الشَّاكِرُ كَالصَّائِمِ الصّابر» . رَوَاهُ التِّرْمِذِيّ

বাংলা

8২০৫-[৪৭] আবূ হুরায়রা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ খাবার খেয়ে শুকরিয়া আদায়কারী সংযমী সায়িমের (রোযাদারের) ন্যায় (সাওয়াবের মর্যাদাপ্রাপ্ত হয়)। (তিরমিযী)[1]

ফুটনোট

[1] সহীহ: তিরমিয়ী ২৪৮৬, ইবনু মাজাহ ১৭৬৪, ১৭৬৫; দারিমী ২০২৪, সহীহ ইবনু হিব্বান ৩১৫, সহীহ ইবনু খুযায়মাহ্ ১৮৯৮, মুসনাদে আহমাদ ৭৮০৬, সহীহুল জামি' ৩৯৪৩, সিলসিলাতুস্ সহীহাহ্ ৬৫৫, মুসান্নাফ 'আবদুর রায্যাক ১৯৫৭৩, আল মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ৯২৫, আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ৮৭৮২।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (الطَّاعِمُ) ''আহারকারী'' অর্থাৎ পানাহারকারী। (الطُّاعِمُ) ''কৃতজ্ঞতা জ্ঞাপনকারী'' কৃতজ্ঞতা প্রকাশের নিম্নপর্যায় হলো খাবার শুরুতে ''বিসমিল্লা-হ'' বলা এবং খাবার শেষ হলে ''আলহামদুলিল্লা-হ'' বলা।

(کالصَّائِمِ الصَّابِرِ الصَّابِرِ) "ধৈর্য ধারণকারী সায়িমের" সিয়ামের ধৈর্যের নিম্নপর্যায় হলো রোযা ভঙ্গকারী সকল কর্ম হতে বিরত থাকা। এতে এ কথার ইঙ্গিত রয়েছে যে, ধৈর্যধারণকারী দরিদ্র ব্যক্তি কৃতজ্ঞতা প্রকাশকারী ধনী ব্যক্তির চাইতে উত্তম। কেননা যাকে তুলনা করা হয় তার চেয়ে যার সাথে তুলনা করা হয় তার মর্যাদা বেশী। অত্র হাদীসে কৃতজ্ঞতা প্রকাশকারীকে ধৈর্যধারণকারীর সাথে তুলনা করা হয়েছে। অতএব ধৈর্যধারণকারীর মর্যাদা বেশী। (মিরক্লাতুল মাফাতীহ)



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন